

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড অফিসার্স এসোসিয়েশন

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা

স্মারক নং - বিআরডিবি/অফিঃ/এসোসিঃ/২০১৪ - ২৯

তাং- ০৫/০৩/২০১৫ খ্রিঃ

বরাবর


উপপরিচালক (সকল জেলা)

বিআরডিবি, ----- জেলা।

বিষয়ঃ জনাব কাজী মশিউর রহমান, যুগ্মপরিচালক (অর্থ ও হিসাব), বিআরডিবি, ঢাকা এবং বিআরডিবি অফিসার্স এসোসিয়েশনের সাবেক সভাপতি এর জরুরী চিকিৎসার জন্য আর্থিক সহায়তার আবেদন


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব কাজী মশিউর রহমান, যুগ্মপরিচালক (অর্থ ও হিসাব), বিআরডিবি, ঢাকা এবং বিআরডিবি অফিসার্স এসোসিয়েশনের সাবেক সভাপতি জটিল রোগে আক্রান্ত হয়ে ভীষণ অসুস্থ অবস্থায় ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন রয়েছেন। তাঁর জরুরী চিকিৎসার জন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ তাঁকে দেশের বাইরে নেয়ার পরামর্শ দিয়েছেন। জনাব মশিউর রহমানের চিকিৎসার জন্য ইতিমধ্যেই অনেক টাকা ব্যয় হয়েছে এবং প্রতিনিয়ত বিপুল পরিমাণ টাকা ব্যয় হচ্ছে - যা তার পরিবারের পক্ষে বহন করা সম্ভব নয়। এমতাবস্থায়, সম্পূর্ণ মানবিক কারণে বিআরডিবি'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীর নিকট আর্থিক সহায়তা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে “বিআরডিবি অফিসার্স এসোসিয়েশন চিকিৎসা ও কল্যাণ তহবিল” শিরোনামে অর্থনী ব্যাংক, ওয়াশা শাখা, ঢাকা এর অনুকূলে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।



মোঃ আলাউদ্দিন সরকার
মহাসচিব

বিআরডিবি অফিসার্স এসোসিয়েশন, ঢাকা



প্রকৌশলী মোঃ বাশেদুল আলম
সভাপতি

বিআরডিবি অফিসার্স এসোসিয়েশন, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। পরিচালক (সকল)-----, বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক/প্রকল্প পরিচালক (সকল)-----, বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল)-----, বিআরডিবি, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (আবেদনটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল)----- বিআরডিবি, ঢাকা।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বিআরডিবি কর্মচারী সংসদ, সিবিএ, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।